**গুরুর নিন্দা**

নিন্দাং ভগবতঃ শৃণ্বন্ তৎপরস্য জনস্য বা
ততো নাপৈতি যঃ সো পি যাত্যধঃ সুকৃতাৎ চ্যুতঃ ॥ ....শ্রীমদ্ভাগবতে (৪/৪/১৭)
“ভগবান এবং ভগবানের ভক্তের বা গুরুর নিন্দা শোনা মাত্রই কেউ যদি তৎক্ষণাৎ সেই স্থান পরিত্যাগ না করে, তাহলে তিনি সাধনমার্গ থেকে অধঃপতিত হন।”

কর্ণৌ পিধায় নিরিয়াদ যদকল্প ঈশে ধর্মাবিত্যশ্রণিভির্নৃভিরস্যমানে ।
ছিন্দ্যাৎ প্রসহ্য রুষতীমসতাং প্রভুশ্চেজ্জিহ্বামস্নপি ততো বিসৃজেৎ স ধর্মঃ ॥ ......
(১০/৭৪/৪০)
“ যদি কোন কাণ্ডজ্ঞানহীন ব্যক্তিকে ধর্মের / ঈশ্বর এবং ভগবানের ভক্তের বা গুরুর নিন্দা করতে শোনা যায়., তাহলে যে কোন ব্যক্তির কান বন্ধ করে সেখান থেকে চলে যাওয়া উচিত এবং পৃথিবী উলট-পালট হলেও কখনো সেই নিন্দুকের মুখ দর্শন করা উচিত নয়.